



ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা
www.dsc.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক সংখ্যাঃ ৪৬.২০১.০০০.০৩.১৩৭২.২০২২-৭১৮

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ৩১ আগস্ট ২০২২খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১১.০০১.১৮-১০২৫ নম্বর স্মারকে ছাড়পত্রের প্রেক্ষিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---------|--|-------------|---------------|--|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | কার্যসহকারী ৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড) (জাতীয় বেতন স্কেল/২০১৫) | ৬টি | ১৮-৩০ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যান্য দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

২। নিম্নলিখিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ

- (১) ০১.০৯.২০২২ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোনোক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- (২) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরীরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।
- (৩) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
- (৪) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (৫) আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- (৬) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপিসহ সকল সনদপত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।
- (৭) চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত (নিজ জেলা উল্লেখকরতঃ) নাগরিকত্বের সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র (ভোটার আইডি কার্ড) বা জাণুবন্দন সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- (৮) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদ (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র। প্রার্থী এবং তার পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।
- (৯) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসরণ করা হবে।
- (১০) সকল সত্যায়ন/প্রত্যয়ন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।
- (১১) কর্তৃপক্ষ পদের সংখ্যা/হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।
- (১২) বিজ্ঞপ্তি অনুযায়ী উল্লিখিত পদসমূহের জন্য লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণ করা হবে এবং পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।
- (১৩) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <http://dsc.teletalk.com.bd> ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনপত্রের বিস্তারিত নিয়মাবলী <http://dsc.teletalk.com.bd> এবং www.dsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ
 - (I) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরু তারিখ ও সময়ঃ ১০ আশ্বিন ১৪২৯/২৫ সেপ্টেম্বর, ২০২২ সকালঃ ১০.০০টা।
 - (II) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২৮ আশ্বিন ১৪২৯/১৩ অক্টোবর, ২০২২ বিকালঃ ৫.০০টা।
 - (III) উক্ত বয়সসীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
- (১৪) আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞপ্তির ৫০০ (পাঁচশত) টাকা Teletalk pre-paid mobile ব্যবহার করে প্রদান করতে হবে।
- (১৫) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।
- (১৬) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- (১৭) উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

আকরামুজ্জামান

সচিব

ডিএসসিসি/পিআরডি/৬৭/২০২২-২০২৩

জিডি-১৭৮২

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন